সভা নং-৩১৯

**বটিয়াঘাটা উপজেলা পরিষদের মে, ২০২২ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ মোঃ আশরাফুল আলম খান

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ১২/০৫/২০২২ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের মে/২০২২ মাসের সভার কার্যক্রম শুরু করেন।<br>সভার শুরুতে এপ্রিল,২০২২ মাসের সভার কার্যবিবরনী পাঠ করা হয়। | এপ্রিল,২০২২ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়করন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার বলেন, মাননীয় প্রধানমন্ত্রী এ দেশকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত করার ঘোষনা দিয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রীর উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষে এ উপজেলায় আর যদি কোন ভূমিহীন ও গৃহহীন পরিবার অবশিষ্ট থাকে তাহলে তাদের নামের তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | ভূমিহীন ও গৃহহীন পরিবারের তালিকা প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সকল সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। টিকাদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টিকা কার্যক্রম আগামী জুন মাসের মধ্যে টার্গেট ছিলো ৭০% আমরা ইতোমধ্যে ৭৪% অর্জন করে ফেলেছি। ৩য় ডোজ টিকা কার্যক্রম চলমান অছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো বলেন, ৯০%ধান ইতোমধ্যে কাটা হয়ে গিয়েছে। তরমুজের দাম ঈদের পর বৃষ্টির কারনে হঠাৎ করে কমে গিয়েছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | সভায় জানানো হয় যে, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। বিগত মার্চ/২০২২খ্রিঃ মাসে(৮৩.১২%) ও এপ্রিল/২০২২খ্রিঃ মাসে(৮৩.১১%) সেবা গ্রহীতার হার একটু কমেছে। এ অগ্রগতির হার প্রজেকশন অনুযায়ী সন্তোষজনক। পরিবার পরিকল্পনা বিভাগের কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। বটিয়াঘাটা উপজেলার বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ স্যাটেলাইট ক্লিনিকে সেবা প্রদানকারীদের দ্বারা বিগত এপ্রিল/২০২২খ্রিঃ মাসে ৩০৬টি গর্ভকালীন সেবা, ৬৪ টি প্রসব পরবর্তী সেবা, ৪৮৫টি শিশু স্বাস্থ্য সেবা ও ১৭০৪টি সাধারণ রোগীর সেবা দেয়া হয়েছে। তাছাড়া এপ্রিল/২০২২খ্রিঃ মাসে বটিয়াঘাটা উপজেলায় কোন মাতৃ ও শিশু মৃত্যু নেই। এপ্রিল/২০২২খ্রিঃ মাসে কৈশোরবান্ধব স্বাস্থ্যসেবা কর্ণার বটিয়াঘাটা স্বাস্থ্য কমপ্লেক্সে ২৮ জনকে এবং গঙ্গারামপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৬৬ জনকে কৈশোরবান্ধব স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। আমিরপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জনবল সংক্রান্ত আলোচনায় সভাপতি মহোদয় জানান, আমিরপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপঃ পঃপঃ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৪/৭ এর আওতাধীন। উক্ত কেন্দ্রর পরিবার কল্যাণ পরিদর্শিকা পদটি সম্প্রতি শূণ্য হয়েছে। যাতে কেন্দ্রে পরিবার কল্যাণ পরিদর্শিকা পদে দ্রুত পদায়ন/নিয়োগ প্রদান করা হয় সে লক্ষ্যে সভাপতি মহোদয় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | | |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | সহ: উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, ৪নং সুরখালী ইউনিয়নের সুন্দর মহল মৌজায় কোদলার খাল পুণঃখননের কাজ শুরু করা হয়েছে। তিনি আরো বলেন,আগামী ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত ৬৫ দিন নদীতে সব ধরনের মাছ ধরা বন্ধ থাকবে, এসময়ে মৎস্য জীবিদের মাধে ৪০ কেজি হারে চাল বিতরন করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিঃউপঃ মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তার দপ্তরের টিউবওয়েলের পানির লেয়ার নিচে নেমে গিয়েছে, পানি উঠছে না। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আন্ত বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগীতা এখনও শুরু হয় নাই। আগামী ৪-৭ জুনের মধ্যে শেষ করতে হবে। তিনি সকল ইউপি চেয়ারম্যানবৃন্দদের সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মো: আবু বক্কর মোল্যা জানান তিনি গত ২৮/০৪/২০২২খ্রি. তারিখ অত্র উপজেলায় যোগদান করেছেন। তিনি সকলের সাথে মিলে মিসে কাজ করতে চান। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | যুব উন্নয়ন কর্মকর্তাকে সকলের পক্ষ হতে স্বাগত জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, সকল ভাতার কাজ শেষ হয়েছে। যে সকল ভাতাভোগীরা মৃত্যুবরন করছেন তাদের মৃত্যুর সনদ শুধুমাত্র ২নং বটিয়াঘাটা ইউনিয়ন ছাড়া অন্য কোন ইউনিয়ন থেকে পাওয়া যায়নি। যে সকল সম্মানিত চেয়ারম্যানবৃন্দরা সনদ দেননি তাদের দ্রুত দেওয়ার জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি বলেন, তার দপ্তর থেকে মাতৃত্ব ভাতাভোগীদের প্রশিক্ষনের ব্যবস্থা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে।<br><br>তিনি বলেন, উপজেলা পরিষদ রাজস্ব, উন্নয়ন ও এডিবি তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন তহবিলের আওতায় ৪নং সুরখালী ইউনিয়নের ৭নং ওয়ার্ডের সংশ্লিষ্ট ইউপি সদস্য উক্ত | সভায় আলোচনা অন্তে প্রকল্প কমিটিসমূহ অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ।<br><br>সভায় বিস্তারিত আলোচনাঅন্তে রাস্তাটির কাজ বাস্তাবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত | উপজেলা প্রকৌশলী। প্রকল্প কমিটি। |

| | | |
|---|---|---|
| এলাকাধীন ''সুকদাড়া মেইন রোড হতে ডাক্তার প্রিতিশ বাবুর বাড়ি অভিমুখে মাটির রাস্তাটি' পাকা করার জন্য আবেদন করেছেন। রাস্তাটি এলাকাবাসির একমাত্র চলাচলের পথ। বর্ষা মৌসুমে ও ফসল কাটার সময় ফসল পরিবহনসহ স্কুলগামী ছাত্রছাত্রীদের জন্য বিশেষ দুর্ভোগের কারন হয়ে থাকে। রাস্তাটি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় আরসিসি রাস্তা নির্মাণের নিমিত্তে অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের পূর্বে অত্র সভায় অনুমোদন আবশ্যক বিধায় তিনি অত্র সভায় উপস্থাপন করেন। | গৃহীত হয়।<br><br>টিকাচুক্তির বিল পরিশোধের ক্ষেত্রে প্রকল্পের বরাদ্দকৃত অর্থ অপেক্ষা প্রয়োজনীয় অতিরিক্ত ৪৯,২৭৩/=(উনপঞ্চাশ হাজার দুইশত তিহাত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো। | |
| তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সেলিম কনস্ট্রাকশন এর মাধ্যমে বাস্তবায়নাধীন গঙ্গারামপুর ইউনিয়নের (ক) গঙ্গারামপুর গ্রামের সুশান্ত বিশ্বাসের বাড়ি হতে পূর্ণদাস মন্ডলের বাড়ি অভিমুখী রাস্তায় (খ) গঙ্গারামপুর গ্রামের পশ্চিমপাড়া ইটের সোলিং রাস্তা হতে নূরমহম্মাদ সর্দারের বাড়ি ও গঙ্গারামপুর বায়তুন নূর জামে মসজিদ অভিমুখী রাস্তায় (গ) গঙ্গারামপুর মুকুল সরকারের বাড়ি হতে দুলাল সরকার এর বাড়ি অভিমুখী রাস্তায় ইটের (ঘ) ডেউয়াতলা গ্রামের পিযুষ সর্দারের বাড়ি অভিমুখী রাস্তা, মহাদের মন্ডলের বাড়ি অভিমুখী,বিল্লাল শেখ এর বাড়ি অভিমুখী এবং হেড মাষ্টার এর বাড়ি অভিমুখী রাস্তায় (ঙ) কায়েমখোলা হুলা গ্রামের ইটের সোলিং রাস্তা থেকে স্বপন সরকারের বাড়ি অভিমুখে,পরিমল রায়ের বাড়ি হতে ডাঃ সুনীল রায়ের বাড়ি অভিমুখে এবং ললিত বিশ্বাসের বাড়ি অভিমুখী রাস্তায় ইটের করণ (চ) (১) বরণপাড়া শশ্মানের রাস্তায় ইটের সোলিং করণ (২) বরণপাড়া বাইপাস রাস্তা হতে ফেরীঘাট অভিমুখী রাস্তা সংস্কার ও ২ পার্শ্ব প্রশস্থকরণ (ই-টেন্ডার আইডি-৫৯৭৫২৬) (প্যাকেজ কোড নং-e-Tender/ Khl/Bati/UDF/ W1.017) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় প্যাকেজভূক্ত " বরণপাড়া শশ্মানের রাস্তায় ইটের সোলিং করণ কাজের"অনুমোদিত চুক্তিমূল্যে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। অত্র রাস্তার সম্মুখস্থ আরো কিয়দংশ সম্পন্ন করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। | বধিমত অত্র প্যাকেজের চূক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>বিধিমত অত্র প্যাকেজের চূক্তিমূল্যের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রস্তাবিত প্রয়োজনীয় দফা ও পরিমাণ সম্বলিত Re-cast Eastimate অনুমোদন করা হলো এবং একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স ফজিলা এন্টারপ্রাইজ এর মাধ্যমে বাস্তবায়নাধীন সুরখালী ইউনিয়নের (ক) কল্যাণশ্রী শ্রী শ্রী সার্বজনীন কালিমাতা মন্দিরে টয়লেট নির্মাণ (খ) বারোভূঁইয়া বায়তুল আমান জামে মসজিদে অজুখানা,টয়লেট ও প্রশ্রাবখানা নির্মাণ (গ) বারো আড়িয়া মাধ্যমিক বিদ্যালয় উন্নয়ন (ঘ) বারো আড়িয়া শহীদ স্মরণী মহা বিদ্যালয় উন্নয়ন (ই-টেন্ডার আইডি-597531) (প্যাকেজ কোড নং-e-Tender/Khl/Bati/UDF/W1.023) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে প্যাকেজভূক্ত " বারো আড়িয়া শহীদ স্মরণী মহা বিদ্যালয় উন্নয়ন" কাজের অন্তর্ভূক্ত আসবাবপত্র সরবরাহের দফা সমূহে কিছু হ্রাস-বৃদ্ধি ও সংযোজন বিয়োজনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ সাহেব উপজেলা চেয়ারম্যান মহোদয় বরাবরে আবেদন পেশ করেন। তদানুয়ায়ী ঠিকাচুক্তির মধ্যে সীমাবদ্ধ থেকে প্রতিষ্ঠানের বর্তমান চাহিদানুয়ায়ী | বিধিমত অত্র প্যাকেজের চূক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>বাস্তবায়িত কাজের ভিত্তিতে ঠিকাচুক্তির মধ্যে সীমাবদ্ধ থেকে Re-cast Estimate প্রণয়ন ও অনুমোদন পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী | |

| | |
|---|---|
| প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহের লক্ষ্যে প্রস্তুতকৃত Re-cast Eastimate অনুমোদন প্রয়োজন। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। | প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সোনালী ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার এর মাধ্যমে বাস্তবায়নাধীন জলমা ইউনিয়নের সাচিবুনিয়া স্কুল হতে চক্রাখালী স্কুল অভিমুখী পিচের রাস্তার পার্শ্বে আরসিসি প্যালাসাইডিং (ই-টেন্ডার আইডি-৫৯৭৫১১) (প্যাকেজ কোড নং-e-Tender/Khl/Bati/UDF/W1.006) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা অনুমোদিত চুক্তিমূল্যে প্যালাসাইডিং এর কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। সম্মুখস্থ আরো কিয়দংশ সম্পন্ন করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। | সভায় আলোচনাঅন্তে আশ্রায়ন প্রকল্প-২ এর আওতায় মাননীয় প্রধানমন্ত্রীর উপহারের ঘর নির্মান কাজের তিনটি স্থানে রাস্তা নির্মাণ,বালু/মাটি ভরাট,প্যালাসাইডিংসহ অনান্য কাজ বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মোসার্স চুকনগর ট্রেডার্স এর মাধ্যমে বাস্তবায়নাধীন বালিয়াডাঙ্গা ইউনিয়নের (ক) রনজিতের হুলা ইমারুল শেখ এর বাড়ি হতে আলী হোসেন বাবুর বাড়ি অভিমুখী রাস্তায় (খ) চরপাড়া বাবুলের বাড়ি হতে মসজিদ অভিমুখী রাস্তায় (গ) হালদারপাড়া ইটের রাস্তা হতে আসাদের বাড়ি অভিমুখী রাস্তায় (ঘ) কিসমত শোলাকুড়া ফারুকের ভিটা হতে আঃ লতিফের বাড়ি হয়ে ইস্রাইলের বাড়ি অভিমুখী রাস্তায় (ঙ) কিসমত শোলাকুড়া ফারুকের ভিটা হতে আঃ লতিফের বাড়ি অভিমুখী রাস্তায় (চ) ফুলবাড়ি রহমান সানার বাড়ি হতে মসজিদ ও ফুলবাড়ি পূর্বপাড়া মসজিদের রাস্তা হতে রাসেল শেখ এর বাড়ি অভিমুখী রাস্তায় (ছ) ফুলবাড়ি মসজিদের রাস্তা হতে সাখাওয়াত শেখ এর বাড়ি ভায়া মতিন শেখ এর বাড়ি ও ফুলবাড়ি জামির সানার বাড়ি হতে আঃ রাজ্জাকের বাড়ি অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ (ই-টেন্ডার আইডি-597536) (প্যাকেজ কোড নং-e-Tender/Khl/ Bati/UDF/W1.028) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় প্যাকেজভূক্ত " কিসমত শোলাকুড়া ফারুকের ভিটা হতে আঃ লতিফের বাড়ি অভিমুখী রাস্তার সাথে পিচের রাস্তা হতে সাইফুলের বাড়ি অভিমুখী রাস্তা সোলিং করণ" কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান অনুরোধ জানান। তদানুযায়ী প্যাকেজভূক্ত " রনজিতের হুলা ইমারুল শেখ এর বাড়ি হতে আলী হোসেন বাবুর বাড়ি অভিমুখী রাস্তায় সোলিং করণ" কার্যাংশের দৈর্ঘ্য কিছুটা কমিয়ে ইউ.পি চেয়ারম্যান সাহেব এর অনুরোধকৃত রাস্তার অংশে প্রয়োজনীয় দৈর্ঘ্যের ইটের সোলিং রাস্তা নির্মাণ করা হয়েছে। বাস্তবায়িত কাজের আলোকে ঠিকাচুক্তির মধ্যে সীমাবদ্ধ থেকে Re-cast Estimate প্রণয়ন ও অনুমোদন প্রয়োজন। অতঃপর তিনি সভায় এতদ্বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। | বড় হাজিরাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যাক্ত টিনগুলি বড় হাজিরাবাদ জামে মসজিদে বরাদ্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় আলোচনাঅন্তে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের অফিস কক্ষের পাসে ওয়াশব্লক ও ড্রেন নির্মানের লক্ষে প্রাক্কলন অনুমোদন, ২লক্ষ টাকা রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান এবং একটি বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। কমিটি পরিশিষ্ঠ-খ।<br><br>সভায় আলোচনাঅন্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার পরিছন্নতা করার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিছন্নতা খাত হতে ১লক্ষ টাকা অনুমোদন করা হয় এবং একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি করা হয়, কমিটি পরিশিষ্ঠ-খ। |
| তিনি আরো বলেন, আশ্রায়ন প্রকল্প-২এর আওতায় মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসাবে গৃহহীন ও ভূমিহীনদের জন্য বটিয়াঘাটা উপজেলার তিনটি ইউনিয়নে স্থান নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে দুটিস্থানে ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে সেখানে রাস্তা নির্মাণসহ প্যালাসাইডিং প্রয়োজন। অন্য একটি স্থানে বালু/মাটি ভরাটসহ আনুসঙ্গিক কিছু কাজ করা প্রয়োজন। তিনি ইউনিয়ন পরিষদের ১%ভূমি হস্তান্তর কর তহবিল হতে উক্ত কাজ বাস্তবায়নের জন্য সভাকে অনুরোধ | |

করেন।

তিনি বলেন, বড় হাজিরাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে উপজেলা পরিষদ হতে একটি টিন সেড ক্লাসরুম করা হয়েছিলো। সেডটি অবস্থা খুবই জরাজীর্ন ও ঝুকিপূর্ন হওয়ার কারনে খুলে সংরক্ষন করা হয়। স্কুলের পার্শে বড় হাজিরাবাদ নামক একটি জামে মসজিদ রয়েছে। মসজিদ কমিটি উক্ত টিনগুলি মসজিদ সংস্কারের জন্য পাওয়ার আবেদন করেছেন। তিনি টিনগুলি বড় হাজিরাবাদ জামে মসজিদে বরাদ্দ দেওয়ার জন্য সভাকে অনুরোধ করেন।

তিনি আরো বলেন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের অফিস কক্ষের পাসে ওয়াশব্লক ও ড্রেন নির্মানের লক্ষে প্রাক্কলন করার জন্য দায়িত্ব দেওয়া হয়। সে মোতাবেক উপজেলা সিনিয়ন মৎস্য কর্মকর্তার অফিসের পাশে ওয়াশ ব্লক ও ড্রেন নির্মান কাজের ২লক্ষ টাকার প্রাক্কলন করা হয়েছে। তিনি উক্ত প্রাক্কলন সভায় অনুমোদন এবং রাজস্ব তহবিল হতে উক্ত টাকা বরাদ্দ ও একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনের জন্য সভাকে অনুরোধ করেন।

তিনি বলেন, করোনা কালীন পরিস্থিতিতে স্বাস্থ্যগত নিরাপত্তার জন্য উপজেলা পরিষদের কম্পাউন্ডের বর্জ ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্নতা রাখা অত্যান্ত জরুরী। এ বাবদ উপজেলা পরিষদের বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছতা খাত হতে ১লক্ষ টাকা বরাদ্দ দেওয়ার জন্য সভায় প্রস্তাব করেন এবং একটি বাস্তবায়ন কমিটি অনুমোদনের জন্য সভাকে অনুরোধ করেন।

তিনি বলেন, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের মধ্যে দুটি প্রকল্প ছিলো উপজেলা পরিষদ নতুন ভবনের পূর্ব ও পশ্চিম পাশে টাইলস্ স্থাপন সে মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন হয়েছিলো। বাস্তবতার নিরিক্ষে কাজ করতে গেলে দেখা যায় উক্ত প্রকল্প থেকে উপজেলার হত দরিদ্রদের মাঝে রিং স্লাব বিতরন এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ জরুরী ।তিনি প্রকল্প বাস্তবায়ন কমিটি একই রেখে প্রকল্প দুটি সংশোধনের জন্য সভা প্রস্তাব করেন।

তিনি আরো বলেন,২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের,স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-২ শাখা হতে ৪৫৪ নং স্মারকে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী করোনা ভাইরাস বিস্তার রোধকল্পে প্রতিরোধ মূলক ব্যবস্থা(মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার,সাবান, পালস অক্সিমিটার,অক্সিজেন সিলিন্ডার,থর্মাল স্কানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) জন্য বটিয়াঘাটা উপজেলা পরিষদের অনুকুলে-২.৫৫ লক্ষ টাকা বরাদ্দেশ পাওয়া গিয়েছে। তিনি উক্ত টাকার কাজবাস্তবায়নের জন্য বাস্তবায়ন কমিটি করার জন্য সভাকে অনুরোধ করেন।

তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স শারমিন মাহফুজ এর মাধ্যমে বাস্তবায়নাধীন ভান্ডারকোট ইউনিয়নের (ক) ভান্ডারকোট গ্রামের কালুকাঠি গেট হতে আড়ুয়াডাঙ্গা অভিমুখী রাস্তায় (খ) ভান্ডারকোট গ্রামের পূর্বপাড়া পুরাতন মসজিদ ও মাদ্রাসা অভিমুখী

২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহের মধ্যে দুটি প্রকল্প উপজেলা পরিষদ নতুন ভবনের পূর্ব ও পশ্চিম পাশে টাইলস্ স্থাপন এর পরিবর্তে বাস্তবায়ন কমিটি একই রেখে ১। উপজেলার হত দরিদ্রদের মাঝে রিং স্লাব বিতরন এবং ২। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ প্রকল্প দুটি সভায় বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয়।

করোনা ভাইরাস বিস্তার রোধকল্পে প্রতিরোধ মূলক ব্যবস্থা(মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার,সাবান, পালস অক্সিমিটার,অক্সিজেন সিলিন্ডার,থর্মাল স্কানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) কাজ বাস্তবায়নের জন্য দুটি প্রকল্প কমিটি করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।কমিটি পরিশিষ্ঠ-খ।

বিধিমত অত্র প্যাকেজের চূক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বিধিমত বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রণীত প্রয়োজনীয় দফা ও পরিমাণ সম্বলিত সংশোধিত প্রাক্কলন অনুমোদন করা হলো এবং একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত

| | | | | |
|---|---|---|---|---|
| | [উপ]জেলা [প]ল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | [প্র]কল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৮. | ফরেস্টার সামাজিক বণবিভাগ | ফরেস্টার সামাজিক বণ বিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৯ | চেয়ারম্যান, ৭নং ইউপি | চেয়ারম্যান ৭নং আমিরপুর ইউপি জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, তার ইউনিয়ের ৫টি ওয়ার্ডে গ্রাম পুলিশ নাই। যার ফলে জনসাধারণকে কাঙ্খিত সেবা দেওয়া যাচ্ছে না। তিনি দ্রুত গ্রাম পুলিশ নিয়োগের জন্য সভাকে অনুরোধ করেন।<br><br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, আমিরপুর ইউনিয়নসহ যে সকল ইউনিয়নে গ্রাম পুলিশের পদ শুন্য আছে সে সকল ইউনিয়নে গ্রাম পুলিশ নিয়োগের বিষয় প্রক্রিয়া ইতোমধ্যে শুরু হয়েছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ৫নং ইউপি | চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট ইউপি সভায় তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো বলেন, ১০টাকা কেজি দামের চাল ক্রয় করতে বারো আড়িয় খেয়াঘাটে এসে নিতে হয়। তিনি আরো বলেন, সিপিবি বিলে লবন পানি উঠাতে চাচ্ছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য সভাকে অনুরোধ করেন।<br><br>এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন, কোন অবস্থাতে বিলে লবন পানি উঠতে দেওয়া যাবে না। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>লবন পানি বন্ধের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান,২নং বটিয়াঘাটা ইউপি সভায় জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, বটিয়ঘাটা-বিরাট খেয়া ঘাটে যাত্রী ও মালামাল পারা-পারের টাকা আদায়ের কোন চার্ট টানানো নাই যার ফলে যাত্রীদের নিকট হতে অনেক বেশি ভাড়া নেওয়া হচ্ছে। তিনি পারাপারের জন্য ভাড়ার চার্ট টানোর বিষয়ে সভাকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>বটিয়ঘাটা-বিরাট খেয়া ঘাটেসহ উপজেলার অনান্য ঘাটে যাত্রী ও মালামাল পারা-পারের টাকা আদায়ের চার্ট খেয়া ঘাটে জন সম্মুখে টানানো বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার।<br><br>চেয়ারম্যান ২নং ইউপি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাস্তায় (গ) ভাণ্ডারকোট গ্রামের রসিদ সর্দারের বাড়ি হতে দুলাল বাবুর বাড়ি অভিমুখী রাস্তায় (ঘ) লক্ষীখোলা ইটের রাস্তা হতে পরামানিকপাড়া দূর্গামন্দির অভিমুখী রাস্তা,ব্রজেন ও জগবন্ধুর বাড়ি অভিমুখী রাস্তা এবং লক্ষীখোলা ইটের রাস্তা হতে মুয়ালি হালদারের বাড়ি অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ (ঙ) ঘোষপাড়া তুহিনের জমি হতে আনন্দ ঘোষের বাড়ি অভিমুখী ইটের সোলিং রাস্তা সংস্কার এবং অজয় দে'র বাড়ি অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ (চ) নোয়াইলতলা গ্রামের কালামের দোকান হতে চান্দামারী গেট অভিমুখী রাস্তায় (ছ) হালিয়া চান্দামারী গ্রামের নরোত্তম হালদার এর বাড়ি হতে বিটপ মহালদারের বাড়ি অভিমুখী রাস্তায় (জ) পূর্ব হালিয়া বাজার হতে পশুর নদীর পাড়ে শশ্মানঘাট অভিমুখী রাস্তায় (ঝ) পূর্ব হালিয়া ওয়াপদা রাস্তা হতে আশুতোষ বিদ্যালয় অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ (ই-টেন্ডার আইডি-597532) (প্যাকেজ কোড নং-e-Tender/Khl/Bati/UDF/W1.024) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় প্যাকেজভূক্ত " ভান্ডারকোট গ্রামের কালুকাঠি গেট হতে আড়ুয়াডাঙ্গা অভিমুখী রাস্তার"অনুমোদিত চুক্তিমূল্যে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। অত্র রাস্তার সম্মুখস্থ আরো কিয়দংশ সম্পন্ন করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান।<br><br>তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রতন এন্ড ব্রাদার্স এর মাধ্যমে বাস্তবায়নাধীন বটিয়াঘাটা উপজেলা পরিষদ কম্পাউন্ডে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ (ই-টেন্ডার আইডি-৬০২৮৮২) (প্যাকেজ কোড নং-e-Tender/Rev/Khul/Bati/2021-22/W1.001) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে ঠিকাচুক্তির অন্তর্ভূক্ত কতিপয় দফার কাজে কিছু হ্রাস-বৃদ্ধি হেতু সংযোজন বিয়োজন অপরিহার্য হয়ে পড়ে। প্রণীত সংশোধিত প্রাক্কলন অনুযায়ী সংশোধিত চুক্তিমূল্য ঠিকাচুক্তি অপেক্ষা কিছুটা বৃদ্ধি পেয়েছে। মন্ত্রণালয় কর্তৃক রাজস্ব তহবিলের অর্থায়নে ব্যয়ের অনুমতি প্রাপ্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে অপরিহার্যতার ভিত্তিতে বাস্তবভিত্তিক সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় সংশোধিত প্রাক্কলন উপস্থাপন পূর্বক বিশদ পর্যালোচনা করেন এবং অনুমোদনের প্রস্তাব রাখেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলার ফুলতলা-বুজবুনিয়া খেয়াখাটের বুজবুনিয়া পারের অবস্থা খুবই নাজুক। খেয়ায় উঠার রাস্তা খুবই নাজুক জনসাধারণের পারা-পারে খুবই সমস্যা হচ্ছে। তিনি বুজবুনিয়া খেয়াখাটের রাস্তা মেরামতের প্রস্তাব করেন। | হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>ফুলতলা-বুজবুনিয়া খেয়াখাটের বুজবুনিয়া পারের খেয়ায় উঠার রাস্তা মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | |
| ১৪. | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স: কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ১নং, ইউপি | ৭নং জলমা ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, চক্রাখালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনেকদিন থেকে কাজ চলছে। ছাত্রছাত্রীরা ক্লাস করতে পারছে না। বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইউনিয়ন পরিষদের একটা রুম ক্লাসরুম হিসেবে ব্যবহার করতে চাচ্ছে কিন্তু ইউনিয়ন পরিষদের কোন রুম খালি নাই। তিনি আরো বলেন, তার ইউনিয়নে গ্রাম পুলিশের পদ খালি হয়েছে। নিয়োগের বিষয়ে সভাকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয়। এছাড়া বর্তমান করোনা পরিস্থিতিকে জনসাধারনকে সচেতন করার জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে গমন করতে হয়। এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের এপ্রিল,২২ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৭০০/-,ভাইস চেয়ারম্যানের-৭,৭৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৭,৮০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং মে, ২২ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>তিনি আরো বলেন, উপজেলায় তরমুজসহ অনান্য সবজি সংরক্ষনের জন্য একটি মাল্টি পারপাজ কোল্ড স্টোরেজ তৈরি করা প্রয়োজন। মাল্টি পারপাজ কোল্ড স্টোরেজ তৈরি হলে কৃষকরা তাদের ফসলের ন্যায্য দাম পাবেন। তিনি উপজেলায় একটি মাল্টি পারপাজ কোল্ড স্টোরেজ নির্মানের প্রস্তাব করেন।<br>তিনি আরো বলেন, কিশালয় আদর্শ শিক্ষা নিকেতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এস.এম.সি গঠনের জন্য ভূমি দাতা সদস্য মনোনয়নের জন্য আবেদন করেছেন। তিনি চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যানকে মনোনয়নের জন্য সভাকে অনুরোধ করেন।<br>তিনি আরো বলেন, শৈলমারী থেকে বারোআড়িয়া পর্যন্ত বিভিন্ন জায়গায় নদী ভরাট হয়ে যাচ্ছে। দ্রুত ড্রেজিং না করা গেলে এসব এলাকায় জলবদ্ধতার সৃষ্টি হয়ে যাবে। তিনি যথাযথ কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করার জন্য সভাকে অনুরোধ করেন। | সভায় আলোচনান্তে প্রস্তাবিত ভ্রমণ বিবরনী ও বিলের টাকা অনুমোদন করা হয়।<br>মাল্টি পারপাজ কোল্ড স্টোরেজ নির্মাণের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে উপজেলা কৃষি অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>কিশালয় আদর্শ শিক্ষা নিকেতন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভূমিদাতা সদস্য চঞ্চলা মন্ডলকে মনোনীত করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নদী ড্রেজিংয়ের বিষয়ে কর্তৃপক্ষকে দ্রুত অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা কৃষি অফিসার। |
| ২৭ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, তার কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো বলেন, তার অফিস কক্ষে জালনা দরজায় কোন পর্দা নাই ফলে তার নিরাপত্তা ও দাপ্তরিক কাজ করতে সমস্যা হচ্ছে। এ বাবদ প্রায় ৪৫ হাজার টাকার প্রয়োজন হতে পারে। তিনি উপজেলা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের রক্ষনা বেক্ষন ও মেরামত খাত হতে উক্ত টাকা বাস্তবায়নের জন্য সভাকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>সভায় বিস্তারিত আলোচনাঅন্তে উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে পর্দা স্থাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব | মহিলা ভাইস চেয়ারম্যান। সিএ টু চেয়ারম্যান উপজেলা পরিষদ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | তহবিলের রক্ষনা বেক্ষন ও মেরামত খাত হতে ৪৫হাজার টাকা অনুমোদন করা হয় এবং এ বিষয়ে সিএ টু চেয়ারম্যান, উপজেলা পরিষদ ব্যবস্থা নিবেন। | |
| ২৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। তিনি পাবলিক প্লেসে ধুমপান ও রাস্তায় ইট, বালি ও অন্যান্য কিছু না রাখার জন্য এবং খাল ও নদীতে অবৈধ বাঁধ,পাটা না রাখার জন্য সকলকে সচেতন করতে সদস্যদের অনুরোধ করেন। | সকল ইউ,পি চেয়ারম্যান জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে এবং সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

২১/০৫/২০২২

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২০- ২০৮ তারিখ ঃ ২/০৫/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। জনাব পঞ্চানন বিশ্বাস, এম.পি, মাননীয় হুইপ, মহান জাতীয় সংসদ।
২। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা উপজেলা পরিষদ, খুলনা।
৬। উপজেলা.......................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
৭। চেয়ারম্যান,................................ ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা।

(মোঃ মমিনুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।
টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
২. জনাব চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
৩. জনাব বিধান রায়, চেয়ারম্যান, ১নং জলমা ইউপি।
৪. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৫. জনাব আসলাম হালদার, চেয়ারম্যান, ৩-নং গঙ্গারামপুর, ইউ.পি।
৬. জনাব এসকে জামির হোসেন, চেয়ারম্যান, ৪নং সরখালী
৭. জনাব ওবায়দুল্ল্যাহ শেখ, চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট
৮. জনাব শেখ আসাবুর রহমান, চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৯. জনাব জি.এম মিলন, চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউনিয়ন।
১০. জনাব ডা : মো : মিজানুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়।
১১. জনাব ডা : প্রীতিলতা দাস, ভেটেোনারী কার্যালয়।
১২. জানাব আমীর আলী, সহ :উপজেলা সৎস্য কর্মকর্তা
১৩. জনাব মো : রবিউল ইসলাম, উপজেলা কৃষি অফিসার।
১৪. জনাব সেলিনা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৫. জনাব সুলতানা নাসরিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৬. জনাব জিএম আলমগীর কবির, উপজেলা শিক্ষা অফিসার।
১৭. জনাব প্রসেজিৎ চক্রবর্তি, উপ-সহঃ প্রকৌশলী।
১৮. জনাব এমদাদুল হক, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা।
১৯. জনাব হাসি রানী রায়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
২০. জনাব মোঃ শফিউর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২১. জনাব অমিত সমাদ্দার, সমাজসেবা কর্মকর্তার।
২২. জনাব মোস্তফা কামাল, উপজেলা সমবায় কর্মকর্তা।
২৩. জনাব রুনা আক্তার সুমি, উপ ;সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২৪. জনাব নারায়ন চন্দ্র মন্ডল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি।
২৫. জনাব আবু বক্কর, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা।

# সভা নং- ৩১৭

উপজেলা পরিষদের মে/২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ আশরাফুল আলম খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা। তারিখ: ১২/০৫/২০২২ বেলা: ১০.০০ টায়

সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী স্বাক্ষর

| ক্রমিক | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আশরাফুল আলম খান | চেয়ারম্যান, উপঃ পরিঃ বটিঃ খুলনা | | |
| ২ | " মোঃ মমিনুর রহমান | উপজেলা নির্বাহী অফিসার | | |
| ৩ | " নিতাই গাইন | ভাইস চেয়ারম্যান | | |
| ৪ | " চৈতালী মন্ডল | মহিলা ভাইস চেয়ারম্যান | | |
| ৫ | " বিধান রায় | চেয়ারম্যান, ১নং জলমা ইউপি | | |
| ৬ | " পল্লব কুমার বিশ্বাস | চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা ইউপি | Pallab | |
| ৭ | " মোঃ আসলাম হাওলাদার | চেয়ারম্যান, ৩নং গঙ্গারামপুর ইউপি | | |
| ৮ | " এস কে জাকির হোসেন | চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি | | |
| ৯ | " ওবায়দুল্লাহ শেখ | চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট ইউপি | | |
| ১০ | " শেখ মোঃ আসাবুর রহমান | চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি | | |
| ১১ | " জি এম মিলন | চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি | | |
| ১২ | " ডাঃ মোঃ মিজানুর রহমান | উঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | | |
| ১৩ | " সেলিনা খাতুন | উঃ পরিবার পরিঃ কর্মকর্তা | | |
| ১৪ | " রবিউল ইসলাম | উঃ কৃষি অফিসার | | |
| ১৫ | " মোঃ মনিরুল মামুন | উঃ সিনিঃ মৎস্য কর্মকর্তা | | [illegible] |
| ১৬ | " ডাঃ প্রীতিলতা দাস | উঃ প্রাণিসম্পদ কর্মকর্তা | | |
| ১৭ | " এমদাদুল হক | উঃ প্রকল্প বাস্তঃ কর্মকর্তা | | |
| ১৮ | " অমিত সমাদ্দার | উঃ সমাজসেবা অফিসার | | |
| ১৯ | " জিএম আলমগীর কবির | উঃ শিক্ষা অফিসার | | |
| ২০ | " হাসি রানী রায় | উঃ মহিলা বিষয়ক কর্মকর্তা | | |
| ২১ | " মোঃ আবুবকর মোল্লা | উঃ যুব উন্নয়ন কর্মকর্তা | | |
| ২২ | " প্রসেনজিৎ চক্রবর্তী | উঃ প্রকৌশলী | | |
| ২৩ | " রুনা আক্তার মুমী | উঃ সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী | | |
| ২৪ | " মোঃ মোস্তফা কামাল | উঃ সমবায় অফিসার | | |
| ২৫ | " শফিউর রহমান | উঃ ফরেস্টার | | |
| ২৬ | " সুলতানা নাছরীন | উঃ পল্লী উন্নয়ন | | |